

সঠিকভাবে লগ আউট  
করার ক্ষেত্রে করণীয়



Digital  
Literacy  
Center





দোস্তু তুই তো  
সেদিন অ্যাকাউন্ট  
কীভাবে করবো  
সেটা বলেছিলি।

হ্যাঁ, তো এখন  
পারছিস না?



অ্যাকাউন্ট তো খুলেছি।  
কিন্তু কীভাবে অফ  
করবো সেটা তো  
পারছি না।

অফ বলতে তুই আর  
অ্যাকাউন্ট ব্যবহার করবি না?



আরে করবো তো।  
মানে বলছি কাজ শেষ  
হলে অ্যাকাউন্ট থেকে  
বের হবো কীভাবে?

ও আচ্ছা এটাকে বলে লগ আউট।



হ্যাঁ দোস্তু আমাকে  
সঠিকভাবে লগ আউট  
করার ক্ষেত্রে কী করতে  
হবে জলদি বল

আমাদের দৈনন্দিন জীবনে অনেক  
কাজে ব্যবহার করতে হয় জিমেইল  
অ্যাকাউন্ট।

আর সামাজিক যোগাযোগ  
মাধ্যমগুলোর মধ্যে বহুল ব্যবহৃত  
একটি হলো ফেসবুক।  
এখন বল আগে কোনটা বলবো?

ফেসবুকেরটা বল

ঠিক আছে তোকে প্রথমে ফেসবুক অ্যাপে প্রবেশ করে মেনুতে ট্যাপ করতে হবে। তাহলে Menu অপশনটি উপরের ডান কোণায় পেয়ে যাবি।

তারপর মেনুতে প্রবেশ করার পর নিচের দিকে স্ক্রল করে লগ আউট অপশনটি ক্লিক করতে হবে।

অনেক সময় লগ আউট অপশনে ক্লিক করার পর তুই আসলেই লগ আউট করতে চাচ্ছিস কিনা এটা জানার জন্য একটি নিশ্চিতকরণ বার প্রদর্শিত হতে পারে।

সেখানে পুনরায় 'লগ আউট' (log out) অপশনে ক্লিক করলে তোর ফেসবুক অ্যাকাউন্ট থেকে লগ আউট হয়ে যাবি অনেক সময় এই মুহুর্তে 'Remember Password' নামে একটি অপশন আসতে পারে ,

যার মাধ্যমে তোকে জিজ্ঞেস করা হবে যে তুই এই ডিভাইসের মাধ্যমে পুনরায় তোর অ্যাকাউন্টটিতে প্রবেশ করার জন্য পাসওয়ার্ডটি সেভ (save) করে রাখতে চাস কিনা।

ডিভাইসটি তোর ব্যক্তিগত ডিভাইস না হলে এখানে 'no' সিলেক্ট করবি। এই অবস্থায় 'yes' সিলেক্ট করলে ডিভাইসটি দ্বারা পরবর্তীতে অন্য কেউ তোর পাসওয়ার্ডটির মাধ্যমে অ্যাকাউন্টটি ব্যবহার করতে পারবে। মনে থাকবে?

হ্যাঁ থাকবে।  
এবার জি মেইলটা বল

জি মেইল অ্যাকাউন্ট থেকে লগ আউট করার জন্য মোবাইল ফোন ও ডেস্কটপের নিয়মগুলো ভিন্ন।

এজন্য আলাদা ভাবে দুই ধরনের ডিভাইসের ক্ষেত্রে লগ আউট করার নিয়ম বলবো।

ডেস্কটপে জি মেইল অ্যাকাউন্ট থেকে লগ আউট করার নিয়ম হলো ডেস্কটপ থেকে জিমেইল অপশনে যাবি তারপর উপরের ডানদিকে তোর ফটো দেখতে পাবি। সেখানে ক্লিক করবি।

এবার নিচের দিকে সাইন আউট নামে একটি অপশন দেখবি। সেখানে ক্লিক করলে তুই জি মেইল অ্যাকাউন্ট থেকে লগ-আউট করতে পারবি।

